ভোরের কাগজ
FEB. 27 2001

পৃঃ ... কলাম ...

দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার

# চ.বি পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক চাকরিচ্যুত

চ.বি সংবাদদাতা : দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, বিশ্ববিদ্যালয়ের নিয়ম লঙ্ঘন এবং অনৈতিক কার্যকলাপের মাধ্যমে ফায়দা হাসিলের দায়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক এবং নিরাপত্তা শাখার উপ-রেজিস্ট্রার মেজর (অব.) গাজী গোলাম কিবরিয়াকে উভয় পদ থেকে চাকরিচ্যুত করা হয়েছে। এর আগে গত নভেম্বর মাসে সিন্ডিকেটের ৩৬৩ তম সভায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছিল।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের টাকায় অচল গাড়ির নামে তেল কিনে নিজের গাড়িতে ব্যবহারের অভিযোগে ঐ কর্মকর্তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় পরিবহনে নিয়োজিত চালক ও হেলপাররা আন্দোলন ও কর্মবিরতির হুমকি দিলে এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠিত হয়। কমিটির প্রাথমিক তদন্তে ঐ কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হলে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

এরপর প্রাথমিক তদন্ত কমিটির রিপোর্ট পর্যালোচনা ও এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য দ্বিতীয় আরেকটি তদন্ত কমিটি গঠিত হয়। বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ নুরুল মোস্তফাকে প্রধান করে চার সদস্যের এই কমিটির চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে গত শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় মেজর (অব.) গাজী গোলাম কিবরিয়াকে চাকরিচ্যুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।